



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

স্মারক নং- বশিবো/পনি/জেএসসি/২০১৯/০০২

তারিখ : ২০ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ
০৪ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ

২০১৯ সালের জেএসসি পরীক্ষার সময়সূচি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষা নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিশেষ প্রয়োজনে বোর্ড কর্তৃপক্ষ এ সময়সূচি পরিবর্তন করতে পারবে।

বিষয় ও পত্র পরীক্ষা শুরু সময়, সকাল ১০ টা	বিষয় কোড	তারিখ ও দিন
১। বাংলা	১০১	০২/১১/২০১৯ শনিবার
১। ইংরেজি	১০৭	০৪/১১/২০১৯ সোমবার
১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	১৫৪	০৫/১১/২০১৯ মঙ্গলবার
১। ইসলাম ও নৈতিক শিক্ষা	১১১	০৬/১১/২০১৯
২। হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা	১১২	বুধবার
৩। বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা	১১৩	
৪। খ্রিস্টধর্ম ও নৈতিক শিক্ষা	১১৪	
১। বাংলাদেশ ও বিশ্ব পরিচয়	১৫০	০৭/১১/২০১৯ বৃহস্পতিবার
১। গণিত	১০৯	০৯/১১/২০১৯ শনিবার
১। বিজ্ঞান	১২৭	১১/১১/২০১৯ সোমবার

বিশেষ নির্দেশাবলি :

- ১। পরীক্ষা শুরুর ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার্থীদেরকে পরীক্ষা কক্ষে আসন গ্রহণ করতে হবে।
- ২। প্রশ্নপত্রে উল্লিখিত সময় অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।
- ৩। সৃজনশীল ও বহুনির্বাচনি পরীক্ষায় একই উত্তরপত্র ব্যবহার করতে হবে।
- ৪। শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য, কর্ম ও জীবনমুখী শিক্ষা, চারু ও কারুকলা, কৃষি শিক্ষা, গার্হস্থ্য বিজ্ঞান, আরবি, সংস্কৃত ও পালি বিষয়সমূহ এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। পরীক্ষার্থীদের রোল নম্বর পাওয়ার পর সংশ্লিষ্ট কেন্দ্র পরীক্ষা চলাকালীন বোর্ডের ওয়েবসাইটে অন-লাইনের মাধ্যমে ধারাবাহিক মূল্যায়নের প্রাপ্ত নম্বর এন্ট্রি করে প্রেরণ করবে।
- ৫। পরীক্ষার্থীগণ তাদের প্রবেশপত্র নিজ নিজ প্রতিষ্ঠান প্রধানের নিকট থেকে পরীক্ষা আরম্ভের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে সংগ্রহ করবে।
- ৬। পরীক্ষার্থীগণ তাদের নিজ নিজ উত্তরপত্রের OMR ফরমে তার পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড ইত্যাদি যথাযথভাবে লিখে বৃত্ত ভরাট করবে। কোনো অবস্থাতেই উত্তরপত্র ভাঁজ করা যাবে না।
- ৭। পরীক্ষার্থীকে প্রত্যেক বিষয়ে স্বাক্ষরলিপিতে অবশ্যই স্বাক্ষর করতে হবে।
- ৮। প্রত্যেক পরীক্ষার্থী কেবল নিবন্ধনপত্রে বর্ণিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোনো অবস্থাতেই ভিন্ন বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
- ৯। পরীক্ষার্থীগণ পরীক্ষায় সাধারণ সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে।
- ১০। কেন্দ্রসচিব ব্যতীত অন্য কেউ পরীক্ষাকেন্দ্রে মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন না এবং কোনো পরীক্ষার্থী পরীক্ষাকেন্দ্রে মোবাইল ফোন আনতে পারবে না।



প্রফেসর মোঃ আনোয়ারুল আজিম-৯৭৭২

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

ফোন : ০৪৩১-৬৪০৮৫

মুঠোঃ ০১৭১১-৭০৩৮৫৭

ই-মেইল barisalboard@gmail.com